



বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন

শিল্প মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মান ভবন, ১১৬/ক, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।

ফোন: ৫৫০৩০০৫৪, ৫৫০৩০০৬৩, ৫৫০৩০০৭৬, ৫৫০৩০১০৮০, ৫৫০৩০০৮৩, ৫৫০৩০০৯৩, ৫৫০৩০১১৩, ইটলাইন: ১৬১১৯
Fax: 88-02-5530092, E-mail: dg@bsti.gov.bd, bsti@bangla.net, Website: www.bsti.gov.bd



মুজিববর্ষের দর্শন
টেকসই শিল্পায়ন।

স্মারক নং- ৩৬.০৫.০০০০.৩০২.৫১.০৭১.২৩ / ৭৫৭

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৯ বঙ্গাব্দ
০২ মার্চ ২০২৩ খ্রিস্টাব্দ

ছাড়পত্র রেফারেন্স নম্বর : ০ ৩ . ০ ২ . ০ ০ ১ ১ . ২ ৩

বরাবর,
কমিশনার অব কাস্টমস
কাস্টমস হাউজ, আইসিডি, কমলাপুর, ঢাকা।

বিষয়: এলসি নম্বর- ১৩৩৫২৩০১০০৪০, তারিখ: ২২-০১-২০২৩; বিল অব এন্ট্রি নং- সি ৫০৮৫ তারিখ: ১৯-০২-২০২৩ খ্রিঃ
এর মাধ্যমে সিংগাপুর হতে ৩২২ পিস হাউজহোল্ড রেফ্রিজারেটর ছাড়পত্রের জন্য সাময়িক ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

মহোদয়

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বানিজ্য মন্ত্রণালয়ের এস আর ও নং ৯২-আইন/২০২২; তারিখ: ২০-০৪-২০২২ মূলে জারীকৃত আমদানি নীতি আদেশ ২০২১-২০২৪ অনুযায়ী বিএসটিআই'র বাধ্যতামূলক সিএম লাইসেন্স এর আওতাভুক্ত আমদানিকৃত রেফ্রিজারেটর পণ্য বন্দর হতে খালাস প্রক্রিয়া সহজিকরণের জন্য বিশেষ ক্ষেত্র বিবেচনায় নিম্নবর্ণিত শর্তে সাময়িক ছাড়পত্র প্রদান করা হল:

শর্তসমূহ:

- সাময়িক ছাড়পত্র ইস্যুর পর আমদানিকৃত হাউজহোল্ড রেফ্রিজারেটর পণ্য অনধিক ৩ (তিন) দিনের মধ্যে আমদানীকারকের নিজস্ব ওয়ারহাউজ/গুদামে মালামাল স্থানান্তর পূর্বক বিএসটিআইকে অবহিত করতে হবে।
- বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে উক্ত ওয়ারহাউজ/গুদাম যাচাই করে সিলগালা করবে এবং চূড়ান্ত ছাড়পত্র ইস্যু না হওয়া পর্যন্ত মালামালসমূহ ৫৭৫, নয়ানগর, ভাটারা, গুলশান, ঢাকাস্থ ওয়ারহাউজ/গুদামে সিলগালা অবস্থায় থাকবে।
- বিএসটিআই কর্তৃক চূড়ান্ত ছাড়পত্র প্রদানের পূর্বে কোন অবস্থাতেই উক্ত পণ্য বিক্রয়-বিতরণ করা যাবে না।
- বিএসটিআই জমাকৃত নমুনা সিটিজেন চার্চারে উল্লিখিত সময়ের মধ্যে পরীক্ষণ (Test) করবে। বিএসটিআই'র পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক পাওয়া গেলে উক্ত পণ্যের অনুকূলে চূড়ান্ত ছাড়পত্র প্রদানসহ সিলকৃত ওয়ারহাউজ/গুদাম বিএসটিআই'র পদার্থ ও সিএম উইংয়ের ২ (দুই) জন কর্মকর্তা যৌথভাবে খুলে দিবে।
- পরীক্ষণ প্রতিবেদন সন্তোষজনক না হলে চূড়ান্ত ছাড়পত্র প্রদান করা হবে না ও কাস্টমস কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করা হবে এবং মালামাল বিক্রি-বিতরণ করলে বিএসটিআই আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে।
- আমদানিকৃত পণ্য বিডিএস অনুযায়ী পরীক্ষণে অকৃতকার্য হলে আমদানীকারক নিজ জিম্মায় বিএসটিআই'র কর্মকর্তাদের উপস্থিতিতে মালামাল ধ্বংস করবে এবং বিএসটিআই'র দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এ বিষয়ে একটি প্রতিবেদন তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার নিকট দাখিল করবেন।
- উপরোক্ত নিয়মের ব্যত্যয় ঘটলে আমদানীকারকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণসহ উক্ত প্রতিষ্ঠানকে ভবিষ্যতে কোনো সাময়িক ছাড়পত্র প্রদান করা হবে না।

আপনার বিশ্বস্ত,

(মোঃ নূরুল আমিন)
পরিচালক (সিএম)

ফোন: ৫৫০৩০১১৩।

অনুলিপি: (কার্যার্থে):

- এম. কে. ইলেকট্রনিক্স
৯৫, বঙ্গবন্ধু জাতীয় স্টেডিয়াম মার্কেট, রমনা, ঢাকা।
- জনাব মোঃ রাশেদ আল মামুন
ফিল্ড অফিসার (সিএম), বিএসটিআই, ঢাকা।
- জনাব মুহাম্মদ আব্দুল আহাদ
পরীক্ষক (পদার্থ, বিএসটিআই, ঢাকা।

আমদানিকৃত মালামাল ওয়ারহাউজ/গুদামে পৌছার পর
বিএসটিআই, ঢাকা-কে অবহিত করার জন্য অনুরোধসহ।

সরেজমিনে পরিদর্শনকরে আমদানিকৃত মালামালসহ সংশ্লিষ্ট
ওয়ারহাউজ/গুদাম যৌথভাবে সিলগালা করতে হবে এবং চূড়ান্ত
ছাড়পত্র ইস্যুর পর সিলগালা খুলে দিতে হবে।